গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৭- ৬৩৩ তারিখঃ ২৭.০৯.২০১৮ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলফাডাংগা, ফরিদপুর (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কাশিয়ানী, গোপালগঞ্জ কর্মরত কালীন) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক (বর্তমানে সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী) যথাক্রমে 'অসদাচরণ' এবং 'দুর্নীতি' এর দায়ে ০১.০২.২০১৮ খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৭-৪৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং গত ০৪.০৪.২০১৮ খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩) তাঁর বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়ম, (এমএসআর খাতে ১,৯০,০০০/- টাকা, ইউনানী খাতে ৯৫,০০০/- টাকার মালামাল স্পষ্ট কোটেশন না করে বিল ভাউচারের মাধ্যমে বিল পাশ, জুলাই-২০১৭ মাসের কর্মকর্তা-কর্মচারীদের ২,৯৯,৬১১/- ব্যাংক থেকে উত্তোলন করেন, কনডেম ভবনের পুরোনো রড, ইট, সুরকি টেন্ডার ছাড়া বিক্রি করে ৮৫,০০০/- টাকা এবং ভবনে ঝড়ে পড়ে যাওয়া গাছ বিক্রি করে ১,০৪,০০০/- টাকা উল্লিখিত সকল টাকা নিজের কাজে রেখে ছিলেন) এর বিষয়ে সুস্পষ্ট প্রমাণ পাওয়া যায়। যদিও তিনি তাঁর বক্তব্যে আর্থিক অনিয়মের বিষয়টি নিজের অনিচ্ছাকৃত ভুল হিসাবে উল্লেখ করেছেন। কিন্তু অনিচ্ছাকৃত ভুলের যুক্তিসঙ্গত কারণ এবং এর স্বপক্ষে অন্য কোন যুক্তি প্রদর্শন করতে ব্যর্থ হয়েছেন।

যেহেতু, সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩) একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালনে অদক্ষতার পরিচয় দিয়েছেন। অন্যদিকে, সরকারি বিধি বিধান সঠিকভাবে না মেনে এবং কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদির অর্থ যথাসময়ে পরিশোধ না করে সরকারি বিধি লঙ্ঘন করেছেন। যা একজন সরকারী কর্মকর্তার কর্তব্যে চরম অবহেলার শামিল। অতএব, অভিযুক্তের বিরুদ্ধে অসদাচরণ এর বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

সেহেতু, ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলফাডাংগা, ফরিদপুর (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কাশিয়ানী, গোপালগঞ্জ কর্মরত কালীন)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার, ১৯৮৫ এর ৪(২) এর (ডি) বিধিমতে (বর্তমানে সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল, ২০১৮ এর ৪(২)(গ) মোতাবেক) দোষী সাব্যস্ত করে তাঁর কর্তব্যে অবহেলার কারণে সংঘটিত সরকারের আর্থিক ক্ষতির সর্ম্পূর্ণ অংশ ৪,৭৪,০০০/- টাকা তাঁর মূল বেতন (৫১,৩০০/-) টাকা এর এক তৃতীয়াংশ (১৭,১০০/- টাকা) হারে ২৮ কিস্তিতে বেতন হতে কর্তন এবং কর্মকর্তা কর্মচারীদের বেতন-ভাতাদির বকেয়া ২,৯৯,৬১১/- টাকা কর্মকর্তা/কর্মচারীদের পরিশোধ করার নিমিত্তে এককালীন সরকারী কোষাগারে জমা প্রদান করার নির্দেশ প্রদান করা হলো। অভিযুক্তের বিরুদ্ধে কর্তব্যে অবহেলার কারণে অসদাচরণ এর বিষয়টিও প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার, ১৯৮৫ এর ৪(ই) বিধিমতে (বর্তমানে সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ঘ) মোতাবেক) বর্তমানে প্রাপ্য স্কেলের সর্বনিম্নধাপে আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য অবনমিত করার দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৭.২০১৭- ৬৩৩/১(১০) তারিখঃ ২৭.০৯.২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিটে সংরক্ষণ করার জন্য)।
৩। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সিভিল সার্জন, গোপালগঞ্জ/ফরিদপুর।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাশিয়ানী, গোপালগঞ্জ/আলফাডাংগা, ফরিদপুর।
৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ/আলফাডাংগা, ফরিদপুর।
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মোঃ জাহাঙ্গীর হোসেন (৪২২৫৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলফাডাংগা, ফরিদপুর।

২৭/০৯/২০১৮
(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৯.২০১৮- ৬৩৮ তারিখঃ ৩১.০৭.২০১৮ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ ফজলে রাব্বী (৪৫৩২৫), সহকারী অধ্যাপক, চিলড্রেন এন্ড কমিউনিটি ডেন্টিষ্ট্রি, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা গত ০৩/০৭/২০১৩ হতে ৩০/০৯/২০১৩ পর্যন্ত মোট ৯০ দিনের অর্জিত ছুটির ছাড়পত্র গ্রহণ করে অর্জিত ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি থেকে ১৩/০৫/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৬.০৮.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৯.২০১৮-২৯৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ ফজলে রাব্বী (৪৫৩২৫) তাঁর সন্তানের Development Delay with Intellectual Disability and Autism বিষয়ে জানান এবং তাঁর কন্যার চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রাদি দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্রাদি ও ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করা হলো।

যেহেতু, ডাঃ ফজলে রাব্বী (৪৫৩২৫) এর কারন দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়;

এক্ষণে, ডাঃ ফজলে রাব্বী (৪৫৩২৫), সহকারী অধ্যাপক, চিলড্রেন এন্ড কমিউনিটি ডেন্টিষ্ট্রি, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকাকে মানবিক কারণে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল), ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিস্পত্তি করা হলো। তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময় ০১/১০/২০১৩ খ্রিঃ হতে ১৩/০৫/২০১৮ খ্রিঃ (মোট ৪ বছর ৭ মাস ১২ দিন) এর মধ্যে ১ বছর গড় বেতনে অর্জিত ছুটি (০১/১০/২০১৩ হতে ০১/১০/২০১৪ পর্যন্ত) এবং অবশিষ্ট ৩ বছর ৭ মাস ১২ দিন (০২/১০/২০১৪ হতে ১৩/০৫/২০১৮ পর্যন্ত) বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ সিরাজুল হক খান)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৯.২০১৮- ৬৩৮/১(৯) তারিখঃ ৩১.০৭.২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। যুগ্মসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ ফজলে রাব্বী (৪৫৩২৫), সহকারী অধ্যাপক, চিলড্রেন এন্ড কমিউনিটি ডেন্টিষ্ট্রি, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা
(স্থায়ী ঠিকানাঃ বাসা নং-এ/৩, প্লট-১০, রোড নং-৪, সেক্টর-১৩, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা)।

(শামীমা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০১৮